

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd.)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬. ০৪৬. ০১৮. ০০. ০০. ০৫৮. ২০১৪-৭৪০

তারিখ: ০৭ জুন ২০১৭

বিষয় : উপজেলা পরিষদের উপনির্বাচনে নির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের শপথ গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উপজেলা পরিষদে শূন্য ঘোষিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান পদে উপনির্বাচনে নির্বাচিত উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের শপথ গ্রহণ অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ৯ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় কমিশনারগণকে মনোনীত করা হলো।

২। বিভাগীয় কমিশনারগণ সরকারি গেজেটে নাম প্রকাশিত হওয়ার ৩০(ত্রিশ) দিনের মধ্যে উপনির্বাচনে নির্বাচিত উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণকে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর বিধান অনুযায়ী শপথ অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৩। উক্ত আইনের ধারা ১০ অনুযায়ী নির্বাচিত উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের স্থাবর ও অস্থাবর সম্পত্তির সর্বশেষ বিবরণ দাখিল করার বিধান রয়েছে। একটি হলফনামার মাধ্যমে তাঁরা নিজ নিজ জেলা প্রশাসকের নিকট বর্ণিত আইনের ১০ ধারা অনুযায়ী সম্পত্তির বিবরণ দাখিল করবেন এবং বিভাগীয় কমিশনারগণ তা নিশ্চিত করবেন।

৪। বিভাগীয় কমিশনারগণ উপজেলা পরিষদের উপনির্বাচনে নির্বাচিত উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের শপথ গ্রহণ সম্পর্কিত প্রতিবেদন শপথ অনুষ্ঠানের ১০ (দশ) কর্মদিবসের মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবেন।

(অমিতাভ সরকার)
যুগ্মসচিব
ফোন: ৯৫৪০৪৮৯

বিভাগীয় কমিশনার (সকল)

..... বিভাগ।

স্মারক নং-৪৬. ০৪৬. ০১৮. ০০. ০০. ০৫৮. ২০১৪-৭৪০

তারিখ: ০৭ জুন ২০১৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার (সকল),.....বিভাগ।
- ৫। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক (সকল),.....জেলা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল),.....উপজেলা,.....জেলা।
- ৮। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইট প্রকাশের অনুরোধসহ)।

(ড.জুলিয়া মঈন)
উপসচিব
ফোন: ৯৫৬২২৪৭